

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০০৩.২২.৪৪৬

তারিখ: ৩ আশ্বিন ১৪৩০

১৮ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তা তালিকায় মৃত ভোক্তাদের তথ্যাদি হালনাগাদকরণ এবং ইউসিএফ কর্তৃক অযাচাইকৃত ভোক্তাদের তথ্য যাচাই সম্পন্ন করা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাগণের মধ্যে যে সকল ভোক্তা নিবন্ধন কার্যক্রম সম্পন্ন হওয়ার পর মৃত্যুবরণ করেছেন তাদের মৃত্যু সংক্রান্ত তথ্যাদি উপজেলা কমিটির অনুমোদনের পর খাদ্যবান্ধব ডাটাবেজে হালনাগাদ করা প্রয়োজন। অপরপক্ষে খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখার ০৩/০৮/২০২৩ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.১৭৬ নং স্মারকের পত্রে ১৬-২২ আগস্ট ২০২৩ খ্রি. তারিখের মধ্যে সেপ্টেম্বর ও অক্টোবর মাসের চাল উত্তোলন ও বিতরণ করার নির্দেশনা প্রদান করা হয়। সেপ্রেক্ষিতে, খাদ্যবান্ধব কর্মসূচির তৃতীয় ধাপের যাচাইকরণ শেষে ইউসিএফ কর্তৃক সেপ্টেম্বর-অক্টোবর মাসের একত্রে বিতরণের জন্য ডিও ইস্যু করা হয়। তবে শেষ পর্যায়ে ইউডিসি কর্তৃক বিভিন্ন উপজেলার যাচাইকৃত মোট ৮৪২জন ভোক্তার তথ্য ইউসিএফ কর্তৃক যাচাই সম্পন্ন করা যায়নি বিধায় অযাচাইকৃত ৮৪২জন ভোক্তার তথ্য ইউসিএফ কর্তৃক যাচাই সম্পন্ন করা প্রয়োজন।

এমতাবস্থায়, খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তা তালিকায় ইতোমধ্যে নিবন্ধিত কিন্তু মৃত্যুবরণকারী ভোক্তাগণের তথ্য উপজেলা কমিটির অনুমোদনপূর্বক মৃত্যু সংক্রান্ত তথ্যাদি হালনাগাদকরণ এবং বিভিন্ন উপজেলার ইউসিএফ কর্তৃক অযাচাইকৃত মোট ৮৪২জন (অযাচাইকৃত তালিকা) ভোক্তার তথ্য আগামী ১৫/১০/২০২৩ তারিখের মধ্যে ইউসিএফ কর্তৃক যাচাই সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-৯-২০২৩

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

ফোন: +৮৮-০২-৪৭১১০৬৯৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: sys@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
বিভাগ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০০৩.২২.৪৪৬/১(৩১৩)

তারিখ: ৩ আশ্বিন ১৪৩০

১৮ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর